গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
(doulatkhan.bhola.gov.bd)

**দৌলতখান উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি-২০২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ তারেক হাওলাদার
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দৌলতখান, ভোলা।
তারিখ ও সময় : ১৬/০২/২০২২ খ্রিস্টাব্দ। সকাল ১১:০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত আছে।**

উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। বিশ্ব করোনা পরিস্থিতিতে সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্য বিধি অনুসরণ করে সভা পরিচালনা করা হয়। অতঃপর বিগত আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত পাঠ করে শুনানো হলে কোনো পরিবর্তন-পরিবর্ধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি অদ্যকার সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য দৌলতখান থানার অফিসার ইনচার্জকে অনুরোধ করলে তিনি এ উপজেলার বিগত মাসের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরেন এবং এ বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়।

১. উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বাংলাবাজার মূল সড়কে যানজটের ফলে সাধারণ পথচারীসহ সকল জনগণের অনেক ভোগান্তির স্বীকার হচ্ছে, তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকলকে অবহিত করেন। তিনি সকল জনগণকে করোনার ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি মাদক, জুয়া, নারী নির্যাতন, বাল্য বিবাহ, ধর্ষণ ইত্যাদি অপরাধের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে অটল বলে ঘোষনা দেন।

২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, নির্বাচন পরবর্তী মদনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উপর হামলার তীব্র নিন্দা জ্ঞাপন করেন এবং উক্ত হামলায় নিহত যুগলীগ নেতা জনাব মোঃ টিপু এর বিদেহী আত্নার মাগফেরাত কামনাসহ হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর আহবান জানান। মদ, গাজা, ইয়াবা, আইসপ্যাকমুক্ত দৌলতখান গঠনে সকলের সহযোগিতা কামনা করেন এবং তিনি আরো বলেন যে, এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয় জিরো টলারেন্স নীতিতে অটল।

৩. অফিসার ইন-চার্জ এর প্রতিনিধি সভায় জানান যে, মোবাইল গেমিংসহ মোবাইলের মাধ্যমে সংঘঠিত সকল অপরাধের বিরুদ্ধে অভিযান চলমান আছে এ বিষয়ে সকল শ্রেণি পেশার জনগণের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন এ মাসে দৌলতখান থানায় মোট ১৫ টি মামলা দাখিল করা হয় এর মধ্যে ৪টি মাদক, ১টি খুন এবং অন্যান্য মামলা ১০টি। তিনি আরো জানান, স্থানীয় জনগন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও সরকারি অন্যান্য সংস্থার সাথে সমন্বয় রেখে অত্র এলাকায় মাদকের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়। এছাড়া তিনি জানান মদনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উপর হামলাকারীদেরকে আটক করা হয়েছে এবং মদনপুরে টহল পুলিশ বাড়ানো হয়েছে বলে জানান।

৪. চেয়ারম্যান, উত্তর জয়নগর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, বাংলাবাজার মূল সড়কে যানজট নিরশনের লক্ষ্যে গাড়ী পার্কিং এর ব্যবস্থা রাখাসহ উপজেলা প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। এছাড়া স্কুল পড়ুয়া ছেলে মেয়ে যাতে মোবাইল নিয়ে স্কুলে যেতে না পারে সে বিষয়ে তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

৫. চেয়ারম্যান, দক্ষিণ জয়নগর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা সভায় জানান যে, তিনি দায়িত্ব নেয়ার পরপরই সকল কাজীদেরকে বাল্য বিবাহ পড়ানো থেকে বিরত থাকার জন্য অনুরোধ জানানো হয়। তিনি আরো জানান খায়ের হাট ৩০ শয্যা বিশিষ্ট হাসপাতালে ইসিজি মেশিন থাকলেও কোন অপারেটর নেই এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন।

৬. চেয়ারম্যান, সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা তার ইউনিয়নে বাল্য বিবাহ নেই বলে জানান এবং তিনি বলেন সৈয়দপুরসহ লঞ্চঘাটের কিছু এলাকায় ঝটিকা অভিযান চালানো হলে মদ, জুয়া ও গাজাখোর ধৃত করা সম্ভব এ বিষয়ে তিনি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

৭. এছাড়া মদনপুর, মেদুয়া, ভবানীপুর, হাজীপুর ও চরখলিফা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সভায় জানান যে, তাদের এলাকার বর্তমান আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল।

৮. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সভায় জানান যে, মদনপুর এলাকা হতে আগত জাটকা ইলিশ ভর্তী একটি ট্রাক এছহাক মোড় হতে আটক করা হয় এবং আটককৃত চার মোন জাটকা ইলিশ বিভিন্ন এতিমখানায় বিতরণ করা হয়। মশারীজাল, ভেহুন্দিজাল, খুটিজালসহ অন্যান্য অবৈধ জাল দিয়ে কিছু সংখ্যক অসাধু জেলে মাছ শিকার করে, তিনি এ বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন এবং চলমান কম্বিং অপারেশনে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।

সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**গৃহিত সিদ্ধান্তসমূহ:**

১. বাংলাবাজার যানজট নিরশনে গাড়ী পার্কিং ব্যবস্থা করাসহ উপজেলা প্রশাসন কর্তৃক দৌলতখান উপজেলার প্রবেশমুখে গাড়ী পার্কিং না করে অন্যত্র গাড়ী পার্কিং এর ব্যবস্থা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। যারা ইহা অমান্য করবে তাদের বিরুদ্ধে মোবালকোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

২. বাংলাবাজার যানজট নিরশনের জন্য গাড়ী পার্কিং এর ব্যবস্থা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. মদ, গাজা, ইয়াবা, আইসপ্যাকমুক্ত দৌলতখান গঠনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ডিজিএফআই, এনএসআইসহ সরকারি অন্যান্য সংস্থার সাথে সমন্বয় রেখে অত্র এলাকায় মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা ও সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৪. মেঘনা নদীতে অবৈধ মশারি জাল, খুটি জাল, কারেন্ট জাল দিয়ে মৎস্য স্বীকার না করতে পারে তার জন্য মোবাইলকোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৫. খায়ের হাট ৩০ শয্যা বিশিষ্ট হাসপাতালে ইসিজি মেশিন অপারেটর চেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সাংবাদিক এবং কমিটির সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/03/22

(মোহাম্মদ তারেক হাওলাদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
দৌলতখান, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২৯.০০০.০৬.০০২.২১-১৯৬

তারিখ: ০৮ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
২২ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিত নয়):</u>

১. সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় সংসদ সদস্য, ভোলা-২ ও মূখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, দৌলতখান, ভোলা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. পুলিশ সুপার, ভোলা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
৬. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।

<u>কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

৭. মেয়র, দৌলতখান পৌরসভা, দৌলতখান, ভোলা।
৮. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা ।
৯. মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।
১০. উপজেলা ........................................................................................................ কর্মকর্তা (সকল), দৌলতখান, ভোলা।
১১. চেয়ারম্যান, ........................................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), দৌলতখান, ভোলা।
১২. জনাব ..................................................................
১৩. গোপনীয় সহকারি, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান, ভোলা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৪. অফিস কপি/নোটিশ বোর্ড।

22/03/22

উপজেলা নির্বাহী অফিসার
দৌলতখান, ভোলা।